# প্রেস বিজ্ঞপ্তি

## জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ

## বিভিন্ন অপরাধে ৫২টি প্রতিষ্ঠানকে ১.৮৭ লক্ষ টাকা জরিমানা

**২২ আগস্ট ২০১৭ খ্রি:**

বাণিজ্য মন্ত্রণালয়াধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের প্রধান কার্যালয়, ঢাকা বিভাগীয় কার্যালয়, বিভিন্ন বিভাগীয় ও জেলা কার্যালয়ের ১৩ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, সুনামগঞ্জ, হবিগঞ্জ, নড়াইল, ঝালকাঠি, বরগুনা, খুলনা, রংপুর, দিনাজপুর, নোয়াখালী, রাজশাহী এবং পিরোজপুরে আজ বাজার তদারকি করা হয়।

প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক প্রনব কুমার প্রামানিক কর্তৃক বাণিজ্য মন্ত্রণালয়ের মোবাইল টিমের সাথে ঢাকা মহানগরীর বিভিন্ন এলাকায় পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে বছির জেনারেল স্টোর, কোয়ালিটি সুইটস এন্ড বেকারী ও রাধুনী বিলাস রেস্টুরেন্টকে যথাক্রমে **১,০০০/- (এক হাজার)** টাকা, **২,০০০/- (দুই হাজার)** টাকা ও **২,০০০/- (দুই হাজার)** টাকা এবং অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরীর অপরাধে মনসুর হোটেলকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকাসহ মোট **১০,০০০/- (দশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক ফাহমিনা আক্তারের নেতৃত্বে ঢাকা মহানগরীর কলাবাগান এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরীর অপরাধে আনন্দ রেস্টুরেন্ট এন্ড মিনি চাইনিজকে **১০,০০০/- (দশ হাজার)** টাকা, মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়ের অপরাধে সাত সদাইকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা এবং পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে গৃহকোনকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকাসহ মোট **২০,০০০/- (বিশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

সুনামগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: জাহাঙ্গীর আলমের নেতৃত্বে সুনামগঞ্জ সদর উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **১১,০০০/- (এগার হাজার)** টাকা, হবিগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: আল-আমিনের নেতৃত্বে হবিগঞ্জের মাধবপুর উপজেলায় **৬টি** প্রতিষ্ঠানকে **১১,৫০০/- (এগার হাজার পাঁচশত)** টাকা, নড়াইল জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ মামুনুল হাসানের নেতৃত্বে নড়াইল সদর উপজেলায় **১টি** প্রতিষ্ঠানকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা, ঝালকাঠি জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সাফিয়া সুলতানার নেতৃত্বে ঝালকাঠি সদর উপজেলায় **১টি** প্রতিষ্ঠানকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা, বরগুনা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ সেলিমের নেতৃত্বে বরগুনার আমতলী উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **৯,৫০০/- (নয় হাজার পাঁচশত)** টাকা, খুলনা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক মো: ওয়ালিদ বিন হাবিবের নেতৃত্বে খুলনা মহানগর এলাকায় **৩টি** প্রতিষ্ঠানকে **৮,০০০/- (আট হাজার)** টাকা, রংপুর বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক মো: মোস্তাফিজুর রহমানের নেতৃত্বে রংপুর সদর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৭,০০০/- (সাত হাজার)** টাকা, দিনাজপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মমতাজ বেগমের নেতৃত্বে দিনাজপুরের কাহারোল উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা, নোয়াখালী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক বাহা উদ্দীন ভূঁঞা এর নেতৃত্বে নোয়াখালীর বেগমগঞ্জ উপজেলায় **৬টি** প্রতিষ্ঠানকে **১৯,৫০০/- (উনিশ হাজার পাঁচশত)** টাকা, রাজশাহী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক অপূর্ব অধিকারীর নেতৃত্বে রাজশাহীর চারঘাট উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **৩৩,০০০/- (তেঁত্রিশ হাজার)** টাকা, পিরোজপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: শাহ শোয়াইব মিয়ার নেতৃত্বে পিরোজপুরের ভান্ডারিয়া উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **৬,০০০/- (ছয় হাজার)** টাকাসহ মোট **১,২০,৫০০/- (এক লক্ষ বিশ হাজার পাঁচশত)** টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করা, খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ, ওজনে কারচুপি, দৈর্ঘ্য পরিমাপের কার্যে ব্যবহৃত পরিমাপক ফিতাতে কারচুপি, বাটখারা বা ওজন পরিমাপক যন্ত্রে কারচুপি, অবহেলা ইত্যাদি দ্বারা সেবা গ্রহীতার অর্থ, স্বাস্থ্য, জীবনহানি ইত্যাদি ঘটানো এবং মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয়ের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক আফরোজা রহমান কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে সেন্টাল হাসপাতাল ফার্মেসীকে **৮,০০০/- (আট হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **২,০০০/- (দুই হাজার)** টাকা প্রদান করা হয়।

ঢাকা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: আব্দুল জব্বার মন্ডল কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে টাইম স্কয়ার লিমিটেড ও স্বপ্ন সুপার সপকে যথাক্রমে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা ও **১০,০০০/- (দশ হাজার)** টাকাসহ মোট **১৫,০০০/- (পনের হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ২ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **৩,৭৫০/- (তিন হাজার সাতশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়।

টাঙ্গাইল জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: শরীফুল ইসলাম কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে পারক ভিলেজ হোটেল ও বঙ্গবন্ধু সেতু রিসোর্টকে যথাক্রমে **১,০০০/- (এক হাজার)** টাকা ও **১,৫০০/- (এক হাজার পাঁচশত)** টাকাসহ মোট **২,৫০০/- (দুই হাজার পাঁচশত)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **৩৭৫/- (তিনশত পঁচাত্তর)** টাকা প্রদান করা হয়।

নারায়ণগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক তাহমিনা বেগম কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে কলাপাতা ও সুগন্ধা প্লাসকে যথাক্রমে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা ও **২,০০০/- (দুই হাজার)** টাকাসহ মোট **৭,০০০/- (সাত হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ৭ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **১,৭৫০/- (এক হাজার সাতশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়।

ফরিদপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: নাজমুল হাসান কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে লাইফ চাইনিজ এন্ড ফাস্ট ফুড রেস্টুরেন্টকে **২,০০০/- (দুই হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **৫০০/- (পাঁচশত)** টাকা প্রদান করা হয়।

দিনাজপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মমতাজ বেগম কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে চিলিস চাইনিজ রেস্টুরেন্টকে **২,০০০/- (দুই হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **৫০০/- (পাঁচশত)** টাকা প্রদান করা হয়।

আজকের **১৩টি** বাজার তদারকির ও **৯টি** লিখিত অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে **৫২টি** প্রতিষ্ঠানকে মোট **১,৮৭,০০০/- (এক লক্ষ সাতাশি হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। আদায়কৃত জরিমানা হতে **১৩ জন** অভিযোগকারীকে মং **৮,৮৭৫/- (আট হাজার আটশত পঁচাত্তর)** টাকা প্রদান করা হয়। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও জেলা পুলিশ, বাজার কর্মকর্তা, স্যানেটারী ইন্সপেক্টর এবং ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করেন। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে।

স্বাক্ষরিত/-
(রিনা বেগম)
সহকারী পরিচালক (কার্যক্রম)
ফোনঃ ০২-৮১৮৯৪১১
ই-মেইলঃ ad-operation@dncrp.gov.bd

**অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। মহাপরিচালক, র‍্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
৩। পুলিশ কমিশনার, ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল, রংপুর ও সিলেট মহানগর।
৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
৬। জেলা প্রশাসক, ঢাকা, সুনামগঞ্জ, হবিগঞ্জ, নড়াইল, ঝালকাঠি, বরগুনা, খুলনা, রংপুর, দিনাজপুর, নোয়াখালী, রাজশাহী এবং পিরোজপুর।
৭। পুলিশ সুপার, ঢাকা, সুনামগঞ্জ, হবিগঞ্জ, নড়াইল, ঝালকাঠি, বরগুনা, খুলনা, রংপুর, দিনাজপুর, নোয়াখালী, রাজশাহী এবং পিরোজপুর।
৮। সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১০। অধিনায়ক ৫, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।